গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.sid.gov.bd

নম্বর-৫২.০০.০০০০.০০০.০০৭.১১.০০০৯.২৫-০৩

তারিখ: ১৭ পৌষ ১৪৩২ / ০১ জানুয়ারি ২০২৬

নিয়োগপত্র

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়-এর বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশ ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের রাজস্ব খাতভুক্ত অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এর স্থায়ী শূন্য পদে নিম্নোক্ত ০৬ (ছয়) জন প্রার্থীকে জাতীয় বেতনস্কেল, ২০১৫-এর টাকা ৯,৩০০-২২,৪৯০/- টাকা বেতনক্রমে (গ্রেড-১৬) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হলো:

ক্রমিক নম্বর	রোল নং	নাম	বর্তমান ঠিকানা	স্থায়ী ঠিকানা
০১.	12000623	জনাব মোঃ তুষার হোসেন অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	গ্রাম: বড় বেরইল ডাকঘর: বেঙ্গাবেরইল-৭৬০০ থানা: মাগুরা সদর জেলা: মাগুরা	গ্রাম: বড় বেরইল ডাকঘর: বেঙ্গাবেরইল-৭৬০০ থানা: মাগুরা সদর জেলা: মাগুরা
০২.	12007235	জনাব মোঃ জয়নাল আবেদীন অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	গ্রাম:চৌমোহন ডাকঘর: ফজলুপুর-৫৭৬০ থানা: ফুলছড়ি জেলা: গাইবান্ধা	গ্রাম:চৌমোহন ডাকঘর: ফজলুপুর-৫৭৬০ থানা: ফুলছড়ি জেলা: গাইবান্ধা
০৩.	12007539	জনাব মোঃ মোতালেব হোসেন অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	৫/০, উলন রোড, পশ্চিম রামপুরা, ঢাকা	গ্রাম:মাধবপুর ডাকঘর: কালমেঘ থানা: বালিয়াডাঙ্গী জেলা: ঠাকুরগাঁও
০৪.	12008869	মিজ্ মিতালী ইসলাম অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	গ্রাম:হানিফের ডাংগী ডাকঘর: মনিকোঠা থানা: সদরপুর জেলা: ফরিদপুর	গ্রাম:সর্দার ডাংগী ডাকঘর: মনিকোঠা থানা: সদরপুর জেলা: ফরিদপুর
০৫.	12010409	জনাব মোঃ আছের উদ্দিন অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	গ্রাম:আগনুকালী পশ্চিম পাড়া ডাকঘর: খাস সাত বাড়ীয়া থানা: শাহজাদপুর জেলা: সিরাজগঞ্জ	গ্রাম:আগনুকালী পশ্চিম পাড়া ডাকঘর: খাস সাত বাড়ীয়া থানা: শাহজাদপুর জেলা: সিরাজগঞ্জ
০৬.	12010569	জনাব মোঃ শাহাদত হোসেন সুমন অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	গ্রাম:সল্লাবাইদ ডাকঘর: মনোহরদী থানা: মনোহরদী জেলা: নরসিংদী	গ্রাম:সল্লাবাইদ ডাকঘর: মনোহরদী থানা: মনোহরদী জেলা: নরসিংদী

শর্তাবলি:

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণ নিজ ব্যবস্থাপনায় নিজ জেলার সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে স্বাস্থ্য পরীক্ষার সনদ এবং ডোপ টেস্টের রিপোর্ট যোগদানের সময় দাখিল করতে হবে এবং স্বাস্থ্য পরীক্ষার সনদে ও ডোপ টেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে;

চলমান পাতা-০২

CamScanner

(খ) নিয়োগবিধির শর্তানুসারে যোগদানকৃত প্রার্থীগণ ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে নিয়োজিত থাকবেন। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন তবে তাকে কোন কারণ দর্শানো ছাড়াই চাকরি থেকে অপসারণ করা হবে;

(গ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে চাকরিতে যোগদানের সময় ০১ (এক) কপি ছবি, সকল সনদপত্রের এক সেট সত্যায়িত কপি জমা দিতে হবে। চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোন সনদপত্র/তথ্যাদি পরবর্তীতে অসত্য প্রমাণিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

(ঘ) চাকরিতে যোগদানকালে প্রার্থীগণকে যোগদান পত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি অঙ্গীকার দাখিল করতে হবে যে, "তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না";

(ঙ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী তাকে সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী (এসআইডি কর্তৃক সরবরাহকৃত নির্দিষ্ট ফরমে) সম্বলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে;

(চ) চাকরিরত প্রার্থীগণকে নিজ নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র সংগ্রহ করে যোগদানপত্র দাখিল করতে হবে;

(ছ) যোগদানকৃত প্রার্থীগণের চাকরি প্রচলিত নিয়ম-নীতি এবং সংশ্লিষ্ট পদের নিয়োগবিধি অনুযায়ী পরিচালিত হবে;

(জ) চাকরি থেকে অব্যাহতি বা ইস্তফা নিতে হলে কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে নোটিশ প্রদান অথবা ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে জমা দিতে হবে;

(ঝ) এই নিয়োগ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এইরূপ ক্ষেত্রে চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তার চাকরি নিয়ন্ত্রিত হবে। ভবিষ্যতে প্রার্থীর কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে ফৌজদারি আইনে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঞ) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;

(ট) এই চাকরিতে যোগদানের জন্য প্রার্থীগণকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না;

(ঠ) উল্লিখিত শর্তাবলি গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৫.০১.২০২৬ তারিখের মধ্যে যুগ্মসচিব (প্রশাসন-১ অধিশাখা) [দৃ: আ: সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৩ শাখা], পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-এর নিকট যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে চাকরিতে যোগদান করতে ইচ্ছুক নয় মর্মে গণ্য করা হবে; এবং

(ড) উক্ত তারিখের পর কোনক্রমেই যোগদানপত্র গ্রহণ করা হবে না এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য করা হবে।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

০১/০১/২৬

ইরতিজা হাসান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫০০৭০৮৭
ই-মেইল: admin3@sid.gov.bd

নম্বর- ৫২.০০.০০০০.০০০.০০৭.১১.০০০৯.২৫-০৩

তারিখ: ১৭ পৌষ ১৪৩২ / ০১ জানুয়ারি ২০২৬

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২। জেলা প্রশাসক, মাগুরা/ গাইবান্ধা/ ঠাকুরগাঁও/ ফরিদপুর/ সিরাজগঞ্জ/ নরসিংদী জেলা।
৩। সিভিল সার্জন, মাগুরা/ গাইবান্ধা/ ঠাকুরগাঁও/ ফরিদপুর/ সিরাজগঞ্জ/ নরসিংদী জেলা।
৪। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টা, পরিকল্পনা মন্ত্রণালয়ের সদয় অবগতির জন্য)।

চলমান পাতা-০৩

CamScanner

৫। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। হিসাবরক্ষণ কর্মকর্তা (আয়ন-ব্যয়ন কর্মকর্তা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৮। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (অফিস আদেশটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। ....., অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (নবনিয়োগপ্রাপ্ত প্রার্থী)।
১০। ব্যক্তিগত নথি/গার্ড নথি/অফিস কপি।

০৪/০২/১৬
ইরতিজা হাসান
সিনিয়র সহকারী সচিব

CamScanner